# ALL INDIA RADIO
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin
**Date: 09.10.2023 Time:7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) ১-শো দিনের কাজ ও আবাস যোজনায় রাজ্যের প্রাপ্য নিয়ে রাজ্যপাল কেন্দ্রের সঙ্গে আলোচনার প্রতিশ্রুতি দেওয়ায় তৃণমূল কংগ্রেস রাজভবনের সামনে থেকে ধর্ণা প্রত্যাহার করে নিয়েছে।

দলের সাধারণ সম্পাদক অবশ্য বলেছেন, প্রাপ্য না পেলে আগামী দিনে তারা আরও বৃহত্তর আন্দোলনে সামিল হবেন।

এদিকে, বিজেপি-র দাবি রাজ্যপালের সঙ্গে দেখা করার জন্য শাসক দল নাটক করেছে।

২) পুরসভায় নিয়োগ দুর্নীতি তদন্তে সিবিআই আজ রানাঘাট, ডায়মন্ডহারবার, উলুবেড়িয়া, মধ্যমগ্রাম সহ রাজ্যের ৯-টি জায়গায় তল্লাশি চালায়।

৩) রাজ্যে ডেঙ্গু-ম্যালেরিয়া পরিস্থিতি পর্যালোচনায় পুর ও নগরোন্নয়নমন্ত্রী আগামীকাল ১২৮-টি পুরসভার সঙ্গে আলোচনায় বসবেন।

৪) বাগিচা শ্রমিকদের পুজোয় ২০ শতাংশ হারে বোনাস দেওয়ার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে শ্রমিক ও মালিক পক্ষের দ্বিপাক্ষিক বৈঠক আগামীকাল ।

৫) সন্তোষ ট্রফি ফুটবলে বাংলা আজ ২-০ গোলে ওড়িশাকে হারিয়ে দিয়েছে।

oooooooooooooo

রাজ্যপাল সিভি আনন্দ বোস, একশো দিনের কাজ ও আবাস যোজনায় রাজ্যের প্রাপ্য নিয়ে কেন্দ্রের সঙ্গে আলোচনার প্রতিশ্রুতি দেওয়ায় তৃণমূল কংগ্রেস, রাজভবনের সামনে থেকে তাদের ধরনা প্রত্যাহার করে নিয়েছে। আজ বিকেলে রাজ্যপালের সঙ্গে বৈঠকের পর দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আনুষ্ঠানিক ভাবে এই ধরনা প্রত্যাহারের কথা ঘোষনা করেন। তিনি বলেন, রাজ্যপাল সৌজন্য দেখিয়েছেন। তাই তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জির পরামর্শে পাল্টা সৌজন্য দেখিয়ে ধর্না তুলে নেওয়া হচ্ছে। তবে প্রাপ্য না পেলে আগামীদিনে আরো বৃহত্তর আন্দোলনের কর্মসূচি তিনি ঘোষণা করেন।

Byte of Abhishek

এর আগে, কেন্দ্রীয় প্রকল্পে বকেয়ার দাবিতে তৃণমূল কংগ্রেসের এক প্রতিনিধি দল বিকেলে কলকাতা রাজভবনে রাজ্যপাল সিভি আনন্দ বোসের সঙ্গে দেখা করে। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে ৩০ সদস্যের ওই প্রতিনিধি দল ধরনা মঞ্চ থেকে বিকেল চারটে নাগাদ রাজভবন এর ভিতরে যান। রাজভবনের তরফে এক বিবৃতি দিয়ে জানানো হয়েছে, রাজ্যপাল তৃণমূল প্রতিনিধিদের কথা ধৈর্য ধরে শুনেছেন। বিষয়টি কেন্দ্রীয় সরকারের দৃষ্টি গোচর করা হবে। রাজ্যের মানুষের কল্যাণে যা প্রয়োজন রাজ্যপাল তা সবই করবেন।

তৃণমূল কংগ্রেসের প্রতিনিধি দলের সঙ্গে বৈঠকের পর জরুরি তলব পেয়ে রাজ্যপাল ইতোমধ্যেই দিল্লির উল্লেখে রওনা দিয়েছেন।

উল্লেখ্য একশ দিনের কাজ ও আবাস যোজনা প্রকল্পে কেন্দ্রের বিরুদ্ধে রাজ্যকে বঞ্চনার অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেস গত পাঁচদিন ধরে রাজভবনের বাইরে ধর্না অবস্থান চালাচ্ছিল।

০০০০০০০০০০০০০০

রাজ্যপালের সঙ্গে দেখা করার জন্য শাসকদলের এ ধরনের নাটক করার কোন প্রয়োজন ছিল না বলে বিজেপি দাবি করেছে।

কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, অভিষেক ব্যানার্জি একজন সাংসদ। তিনি রাজ্যপালের সঙ্গে দেখা করতেই পারেন। কলকাতায় ফেরার পরেই শ্রী বোসের সঙ্গে তাঁর দেখা হয়ে যেত। তিনি বলেন, রাজ্য সরকারই দাবী করত তারা সব টাকা দেয় এবং কেন্দ্রের টাকার কোন প্রয়োজন নেই। তবে আজ কেন এই আন্দোলন, সে বিষয়ে তিনি প্রশ্ন তোলেন।

০০০০০০০০০০০০০০০

১০০ দিনের কাজের টাকার দাবিতে তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকরা আজ কোচবিহারের নাটাবাড়ির বিধায়ক মিহির গোস্বামীকে ঘিরে বিক্ষোভ দেখান। তুফানগঞ্জ ১ নম্বর পঞ্চায়েত সমিতিতে সংসদ সভায় তিনি যোগ দিয়ে ফেরার পথে সমিতির হলঘরের সামনে এই বিক্ষোভ প্রদর্শন করা হয় । এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা ছড়ায়। এব্যাপারে মিহিরবাবু বলেন রাজ্য সরকার ১০০ দিনের কাজের টাকার হিসাব দিলেই পাওনা টাকা দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০

জিএসটি ক্ষতিপূরণ বাবদ কেন্দ্রের কাছে কোন রাজ্যের টাকা বকেয়া নেই বলে কেন্দ্রীয় অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী দাবি করেছেন। আজ বর্ধমান সার্কিট হাউসে সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, পশ্চিমবঙ্গ সহ কিছু রাজ্য এখনও এজি রিপোর্ট জমা দেয়নি। সেই রিপোর্ট হাতে আসার পরই চূড়ান্ত মেলে। এরাজ্য থেকে তিন বছর কোনো এজি রিপোর্ট যায়নি বলেও জানান অর্থ প্রতিমন্ত্রী। এদিনও একশো দিনের

কাজ এবং আবাস যোজনা বাবদ রাজ্যকে কেন্দ্রের টাকা না দেওয়ার কারণ ব্যাখ্যা করেন তিনি।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০

পুরসভায় নিয়োগ দুর্নীতির তদন্তে সিবিআই আজ রাজ্যের বিভিন্ন জায়গায় তল্লাশি চালায়। নদীয়ার রানাঘাট, দক্ষিণ ২৪ পরগণার ডায়মন্ড হারবার ও হাওড়ার উলুবেড়িয়া এবং উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রাম সহ ৯-টি জায়গায় সকাল থেকে এই তল্লাশি চলে।

নদীয়ার রানাঘাট উত্তর-পশ্চিম কেন্দ্রের বিজেপি বিধায়ক ও পুরসভার প্রাক্তন চেয়ারম্যান পার্থ সারথী চট্টোপাধ্যায়ের বাড়িতে প্রায় ৭ ঘণ্টা তল্লাশি চলে। সন্ধের পর সি বি আই আধিকারিকরা বেরিয়ে গেলে পার্থবাবু সাংবাদিকদের বলেন, তাঁর আমলে পুরসভায় নিয়োগের কাগজপত্র এবং  তাঁর সম্পত্তি সংক্রান্ত তথ্য নিয়ে জিজ্ঞাসাবাদ করা হয়।

(বাইট)

রানাঘাট ও বীরনগর পুরসভাতেও তল্লাশি চলে। রানাঘাটের পুর প্রধান কোশল দেব বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, নিয়োগ সংক্রান্ত কাগজপত্র তাঁরা খতিয়ে দেখেছেন। স্থানীয় সাংসদ জগন্নাথ সরকার বলেছেন, আইন আইনের পথেই চলবে।

(বাইট)

এদিকে, রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী কলকাতার মেয়র ফিরহাদ হাকিম এই তল্লাশিকে  লোক দেখানো বলে কটাক্ষ করেছেন। ইডি-সিবিআই সবার বাড়ি বাড়ি গিয়ে তল্লাশি চালিয়ে সকলকে চোর সাজানোর চেষ্টা করবে বলেও তাঁর অভিযোগ।

বিজেপি-তে যোগ দিলেই সকলের দোষ-ত্রুটি মাপ হয়ে যাবে কিনা তিনি সেই প্রশ্নও তোলেন ?

(বাইট)

ডায়মন্ড হারবার পুরসভাতেও সিবিআই আধিকারিকরা সাড়ে আট ঘণ্টা তল্লাশি চালান। পুরসভার প্রাক্তন চেয়ারপার্সন মীরা হালদারের বাড়িতেও তল্লাশি চলে প্রায় সাড়ে চার ঘণ্টা। তাঁর আমলে ২০১৭-এ গ্রুপ সি ও গ্রুপ ডি পদে ১৬ জনের নিয়োগে দুর্নীতির অভিযোগ ওঠে। জেলবন্দী অয়ন শীলের সংস্থার মাধ্যমে ঐ নিয়োগ হয়েছিল।

উলুবেড়িয়ার প্রাক্তন পুরপ্রধান অর্জুন সরকারের বাড়িতেও চলে তল্লাশি। উলুবেড়িয়া পুরসভাতেও যান CBI এর একটি দল।

এদিকে উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রাম পুরসভায়তে CBI এর ৬ সদস্যের একটি দল বেলা সাড়ে তিনটে পর্যন্ত তল্লাশি চালান। পুরসভার কার্যনির্বাহী আধিকারিক রাজেন্দ্রনাথ মাহাতোকে তারা জিজ্ঞাসাবাদ করেন। খতিয়ে দেখেন নিয়োগ সংক্রান্ত নথিপত্রও। তবে, চেয়ারম্যান নিমাই ঘোষের সঙ্গে তারা কথা বলেননি ।নিমাইবাবু অভিযোগ করেন রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করতেই কেন্দ্রীয় এজেন্সিগুলিকে ব্যবহার করা হচ্ছে, যা পুরসভা সম্পর্কে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করছে।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার এই নিয়োগ দুর্নীতির তদন্তে ইডি খাদ্যমন্ত্রী, মধ্যমগ্রাম পুরসভার প্রাক্তন চেয়ারম্যান রথীন ঘোষের বাড়িতে প্রায় ১৯ ঘণ্টা তল্লাশি চালায়। রথীনবাবুকেও তাঁরা জিজ্ঞাসাবাদ করেন।

বিজেপি নেতা শমীক ভট্টাচার্য, এই তল্লাশিকে স্বাগত জানিয়ে বলেছেন –

(বাইট)

সি পি আই এম নেতা সুজন চক্রবর্তী বলেছেন,

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ডেঙ্গু - ম্যালেরিয়া পরিস্থিতি পর্যালোচনায় রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম আগামীকাল ১২৮টি পুরসভার সঙ্গে আলোচনায় বসবেন। বুধবার রাজ্যের মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী ফের রাজ্যের সব দফতর ও জেলা কর্তাদের সঙ্গে এ ব্যাপারে কথা বলবেন।

এদিকে, প্রশাসনিক সূত্রে জানা গেছে ডেঙ্গু ম্যালেরিয়ার মত মশাবাহিত রোগ সম্পূর্ণ নিয়ন্ত্রণ করতে রাজ্য সরকার, বছরভর অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে। পুজোর পর এনিয়ে বিস্তারিত গাইড লাইন প্রকাশ করা হবে।

উল্লেখ্য, অসমর্থিত সূত্র অনুযায়ী, রাজ্যে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা প্রায় ৪০ হাজার। মৃতের সংখ্যা ইতিমধ্যেই ৫০ ছাড়িয়েছে। আগেই জানা গেছে, রাজ্যের বিভিন্ন জেলার ৬৮টি জায়গা থেকেই সংক্রমণ সবথেকে বেশি হচ্ছে। ৯০ শতাংশ ডেঙ্গু রোগীদের সন্ধান এইসব এলাকা থেকে মি্লেছে।

০০০০০০০০০০০০০০০

আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের অধ্যক্ষ পদে সন্দীপ ঘোষকে ফিরিয়ে আনা হয়েছে। বর্তমান অধ্যক্ষ মানস বন্দ্যোপাধ্যায়কে বদলি করা হয়েছে বারাসাত মেডিকেল কলেজে। স্বাস্থ্যভবনের পক্ষ থেকে আজ এই মর্মে এক নির্দেশিকা জারি করা হয়।

এছাড়া আর জি কর হাসপাতালের রোগী কল্যান সমিতির চেয়ারম্যান পদ থেকেও তৃণমূল কংগ্রেস সাংসদ শান্তনু সেনকে সরিয়ে দেওয়া হয়েছে। নতুন চেয়ারম্যান হচ্ছেন শ্রীরামপুরের বিধায়ক সুদীপ্ত রায়।

উল্লেখ্য, এর আগে সেপ্টেম্বর মাসে রাজ্য সরকার সন্দীপ ঘোষকে আর জি কর থেকে মুর্শিদাবাদ মেডিকেল কলেজে বদলি করে। সেই নিয়ে শুরু হয় ছাত্র বিক্ষোভ। মানসবাবুকে দায়িত্ব দেওয়া হয় আর জি করের।

তাঁর জায়গায় আসা মানস বন্দ্যোপাধ্যায়কে টিএমসিপি প্রভাবিত ছাত্র সংগঠনের আন্দোলনের মুখে পড়তে হয়।

০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গের তরাই - ডুয়ার্সের বাগিচা শ্রমিকদের পুজোয় ২০ শতাংশ হারে বোনাস দেওয়ার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে আগামীকাল আবার দ্বিপাক্ষিক বৈঠক বসছে। কলকাতায় বেঙ্গল চেম্বার্স-এ ওই বৈঠকে মালিক পক্ষ Consultative committee of Planters Association CCPA এবং শ্রমিক সংগঠনগুলির যৌথ মঞ্চের প্রতিনিধিরা অংশ নেবেন।

গত ৫ ও ৬ অক্টোবর কলকাতায় দ্বিপাক্ষিক বৈঠকে মালিক পক্ষ ২০ শতাংশ বোনাস দিতে অস্বীকার করে। তাঁরা সাড়ে ৮ শতাংশ থেকে ১৫ শতাংশ বোনাসের কথা বলায় শ্রমিক সংগঠন AICCTU, CITU, UTUC ও AIUTUC সহ যৌথ মঞ্চের অন্যান্য সংগঠনের প্রতিনিধিরা বৈঠক ছেড়ে বেরিয়ে যায়।

শ্রমিক সংগঠন গুলির পক্ষে AICCTU এর রাজ্য সাধারণ সম্পাদক বাসুদেব বসু বলেন, ২০ শতাংশ বোনাস দেওয়ার দাবি থেকে কোনো ভাবেই সরে আসা হবে না।

এদিকে, চা শ্রমিকদের এই দাবিতে আজ তরাই - ডুয়ার্সের বাগানে মিছিল ও গেট সভা হয়।

০০০০০০০০০০০০০০

রাজ্য সরকারি কর্মচারীদের বকেয়া মহার্ঘ ভাতা মেটানো, চুক্তিভিত্তিক কর্মীদের নিয়মিতকরণ সহ বিভিন্ন দাবিতে, সরকারি কর্মচারীদের যৌথ সংগঠন 'সংগ্রামী যৌথমঞ্চ' কর্মবিরতির ডাক দিয়েছে। আগামীকাল এবং বুধবার রাজ্যের সব সরকারি ও আধা সরকারি অফিসে এই কর্ম বিরতি পালন করা হবে বলে সংগঠনের তরফে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০

সন্তোষ ট্রফি ফুটবলে বাংলা জয় দিয়ে অভিযান শুরু করেছে। আজ পাঞ্জাবের বঙ্গার মেহঙা সিং স্টেডিয়ামে গ্রুপ লিগের প্রথম ম্যাচে তারা ২-০ গোলে ওড়িশাকে হারিয়ে দেয়। 14 মিনিটে বিজয় মুর্মুর গোলে এগিয়ে যায় বাংলা। দ্বিতীয়ার্ধে 48 মিনিটে পেনাল্টি থেকে ব্যবধান বাড়ান জিতেন মুর্মু। বুধবার বাংলার পরের ম্যাচ দিল্লির বিরুদ্ধে।

০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০